

# মূল্য

শামস্ রহমান

কোন এক ধূসর প্রভাতে  
এ যুদ্ধও শেষ হবে  
তখন শীতের কোকুন থেকে বসন্তের  
প্রজাপতি হয়ে উড়া আর  
ঝরা পাতা ঘেরা কোন এক রাজপ্রসাদে  
সেনাপতিরা একে অপরের বাহুবদ্ধ হবে সানন্দে  
অকৃত্রিম হাসি হাসবে  
হয়তো ব্রেজনেভ-হোনেকারের মত দীঘল চুশনেও আবদ্ধ হবে  
দুচুমুক বিশুদ্ধ সুরা সেবনের প্রভাবে।

স্মার্ট যুদ্ধ-প্রযুক্তির ক্ষত তখনও লেগে থাকবে -  
বিশ্বযুদ্ধের স্মৃতিস্তম্ভে  
বলশেভিক দেয়ালে  
সভ্যতার দস্তাবেজ।  
শহীদ সন্তানের প্রত্যাবর্তনে মা তখনও প্রতিক্ষায়  
প্রহর গুনবে -

'খোকা নিশ্চয়ই ফিরবে!'  
অষ্টাদশী মেয়েটি  
প্রেমিকের পথ চেয়ে কাটাবে সময়  
ঘুরে ফিরে সূর্যমুখীর ভিড়ে যেখানে কেটেছে মধুময় লগ্ন;  
আর সেই সন্তানেরা  
যারা জনকের বুকে মাথা রেখে  
রূপকথার গল্পে দেখেছে রঙিন স্বপ্ন!  
জনকের পদধ্বনির প্রতিক্ষায় বিনিদ্রায় তখনও  
কাটাবে তারা নিরংশু আঁধার -  
'আবার দেখা হবে তো পিতার?'

সংসার আজ তার দেবতার 'বিসর্জনের অর্ঘ'  
কে ফেলেছে 'ন্দিয়্যেপারে' সূদীর্ঘ ধিওরের ফাঁদ? -  
অতি পরিচিত জানিত মুখ অথচ অজানা  
তবে কে দিচ্ছে মূল্য, তা জানা।।